OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS
OATH

## ওয়েবএক্স ভিডিও কনফারেন্স ব্যবহার করে কীভাবে প্রশাসনিক ট্রায়াল ও শুনানির অফিস (Office of Administrative Trials and Hearings, OATH) রিমোট শুনানিতে যোগদান করতে হয়

বর্তমানে, OATH প্রক্রিয়াসমূহ ভিডিও কনফারেন্সের মাধ্যমে করা হচ্ছে। একটি OATH প্রক্রিয়া বা ট্রায়ালের সময় নির্ধারিত হয়ে গেলে, পক্ষদের ইমেইল বা কিছু ক্ষেত্রে লিখিত নোটিশের মাধ্যমে রিমোট শুনানিতে আমন্ত্রণ জানানো হবে। কনফারেন্স বা ট্রায়ালের নির্ধারিত তারিখ এবং সময়ের পূর্বেই OATH কর্মী "ওয়েবএক্স মিটিংয়ের আমন্ত্রণ" প্রেরণ করবে। আমন্ত্রণটি দেখতে এরকম হবে:

**Jessica Haley invites you to join this Webex meeting.**

Meeting number (access code): 713 987 045
Meeting password: jjQigqmG733

Friday, April 10, 2020
11:00 am | (UTC-04:00) Eastern Time (US & Canada) | 1 hr

Join meeting

Join by phone
Tap to call in from a mobile device (attendees only)
+1-408-418-9388 United States Toll
+1-646-992-2010 United States Toll (New York City)
Global call-in numbers

Join from a video system or application
Dial 713987045@nyc-oath.webex.com
You can also dial 173.243.2.68 and enter your meeting number.

Join using Microsoft Lync or Microsoft Skype for Business
Dial 713987045.nyc-oath@lync.webex.com

আপনি বিনামূল্যের ওয়েবএক্স প্রোগ্রামটি ব্যবহার করে ভিডিওয়ের মাধ্যমে একটি কম্পিউটার/ল্যাপটপ, একটি স্মার্টফোন, বা একটি ট্যাবলেটে (একটি ক্যামেরা, মাইক্রোফোন, এবং স্পিকার বা হেডফোনসহ) দিয়ে প্রক্রিয়ায় যোগদান করতে পারবেন। আপনার যদি ভিডিও ক্যামেরাসহ একটি ডিভাইস না থাকে, আপনি টেলিফোনে শুনানিতে যোগদান করতে পারবেন। ওয়েবএক্স অ্যাপটি ম্যানুয়ালি ডাউনলোড করা, আপনার সরঞ্জাম ও সংযোগ পরীক্ষা করার নির্দেশনার জন্য পরবর্তী পৃষ্ঠা দেখুন।

### আপনার OATH কনফারেন্স বা ট্রায়ালে কীভাবে যোগদান করবেন:

- ওয়েবএক্সের মাধ্যমে OATH প্রক্রিয়ায় যোগদান করার জন্য আপনাকে একটি ওয়েবএক্স অ্যাকাউন্ট তৈরি করতে হবে না।
- এটি যদি আপনার যোগ দেওয়া প্রথম ওয়েবএক্স মিটিং হয়, তাহলে ইমেইল আমন্ত্রণটি খুলুন, সবুজ "জয়েন মিটিং" এ ক্লিক করুন। ওয়েবএক্স স্বয়ংক্রিয়ভাবে অ্যাপটি ডাউনলোড করে নেয়।
- আপনার ডিভাইসে যদি পূর্বেই ওয়েবএক্স ইনস্টল করা থাকে, তাহলে সবুজ "জয়েন মিটিং" এ ক্লিক করুন।

### ওয়েবএক্স অ্যাপ ইনস্টল না করে কীভাবে ওয়েবএক্স ভিডিও মিটিং এ যোগদান করা যায়:

- আপনি যদি ওয়েবএক্স ইনস্টল না করতে চান, আপনি ওয়েবএক্স এর হোম পেজ থেকে একটি ভিডিও মিটিং এ যোগদান করতে পারবেন। আপনার ইন্টারনেট ব্রাউজার থেকে https://www.webex.com এ যান, ওয়েবএক্স এর হোম পেজের উপরের ডান কোণা থেকে "জয়েন" ক্লিক করুন। ওয়েবএক্স মিটিংয়ের আমন্ত্রণ থেকে **মিটিংয়ের নম্বর** (অ্যাক্সেস কোড) এবং **পাসওয়ার্ড** উভয় দিন।

### ভিডিও ছাড়া টেলিফোনের মাধ্যমে কীভাবে ওয়েবএক্স মিটিং এ যোগদান করা যায়:

- আপনার টেলিফোন থেকে আপনার মিটিং আমন্ত্রণে প্রদত্ত **জয়েন বাই ফোনে** প্রদত্ত মার্কিন যুক্তরাষ্ট্রের টোল নম্বরগুলির যেকোনো একটিতে ডায়াল করুন (পৃষ্ঠা 1 দেখুন)। নির্দেশনা অনুসরণ করুন এবং 9 বা

10 অংকের **মিটিংয়ের নম্বর** (অ্যাক্সেস কোড) প্রদান করুন এবং নম্বর চিহ্নটি চাপুন।

- শুধু ওয়েবএক্স এর ওয়েব অংশে একটি অংশগ্রহণকারীর নম্বর উপলভ্য থাকবে। আপনি যদি আপনার অংশগ্রহণকারীর নম্বর না জানেন, তাহলে মিটিং এ প্রবেশ করার জন্য নম্বর চিহ্ন চাপুন।

**<u>একটি কম্পিউটার/ল্যাপটপ, স্মার্টফোন, বা ট্যাবলেটে কীভাবে ওয়েবএক্স সেট আপ করতে হয়:</u>**
আপনার ডিভাইসে যদি ইতিমধ্যে ওয়েবএক্স ইনস্টল করা না থাকে, তাহলে আপনি ম্যানুয়ালি ওয়েবএক্স মিটিংস অ্যাপটি ডাউনলোড করতে পারবেন।

- *আপনার কম্পিউটার/ল্যাপটপে ওয়েবএক্স ইনস্টল করার জন্য:* আপনার ইন্টারনেট ব্রাউজার থেকে https://www.webex.com/downloads.html এ যান। "ওয়েবএক্স মিটিংস" হেডারের নিচে স্ক্রিনের বাম দিকের নীল "উইন্ডোজের জন্য ডাউনলোড" বা "OSX এর জন্য ডাউনলোড" বাটন ক্লিক করুন (ডান দিকের "ওয়েবএক্স টিমস" হেডার নয়)।


- *আপনার স্মার্টফোন বা ট্যাবলেটে ওয়েবএক্স ইনস্টল করার জন্য:* আপনার ডিভাইসের অ্যাপ স্টোরে যান (আইফোনের জন্য "অ্যাপ স্টোর", অ্যান্ড্রয়েড ফোনের জন্য "গুগল প্লে"), বিনামূল্যের "সিসকো ওয়েবএক্স মিটিংস" অ্যাপটি খুঁজুন, এবং "ডাউনলোড" বা "গেট" বাটন চাপুন।


- ইনস্টলার ফাইলটি, .msi (উইন্ডোজ) বা .dmb (ম্যাক) ক্লিক করুন, ইনস্টলেশন চালান, এবং স্ক্রিনের নির্দেশনা অনুসরণ করুন। ইনস্টল হতে কয়েক মিনিট সময় লাগতে পারে এবং আপনাকে নিশ্চিত করতে বলা হতে পারে। ইনস্টলেশন শেষ হওয়ার পর, আপনার নাম, ইমেইল অ্যাড্রেস দিন এবং নেক্সট ক্লিক করুন।

**ওয়েবএক্স মিটিংয়ের পূর্বে কীভাবে আপনার সংযোগ পরীক্ষা করবেন:**

- নির্ধারিত শুনানির পূর্বে আপনার সরঞ্জাম ও সংযোগ পরীক্ষা করে নেওয়া উচিত। আপনার শুনানির নোটিশ পাওয়ার সাথে সাথে আপনি আগে থেকে আপনার মাইক্রোফোন/ভিডিও/অডিও সংযোগ পরীক্ষা করে নিতে পারবেন https://help.webex.com/en-us/nti2f6w/Webex-Meetings-Join-a-Test- Meeting.

  **<u>অডিও বাছাই করুন:</u>** অডিও সংযোগের জন্য, হয় "কম্পিউটারের অডিও ব্যবহার" (ডিফল্ট) অথবা "কল-ইন" বাছাই করুন। আপনি একটি কম্পিউটারের হেডসেট বা স্পিকার/মাইক্রোফোন ব্যবহার করতে পারবেন। আপনার ফোন থেকে "কল-ইন" এর জন্য, মার্কিন যুক্তরাষ্ট্রের টোল নম্বরগুলির যেকোনো একটি ডায়াল করুন, নির্দেশনা অনুসরণ করুন, **মিটিং এ প্রবেশের কোড**, এবং **অংশগ্রহণকারীর আইডি নম্বর** দিন। আপনি যদি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে মিটিংটির জন্য ডায়াল ইন করেন, তাহলে ড্রপডাউন লিস্ট থেকে "সকল গ্লোবাল কল-ইন নম্বর প্রদর্শন করুন" বাছাই করুন এবং আপনার অবস্থানের কল-ইন নম্বর বাছাই করুন।




**সাহায্য প্রয়োজন?**

- আরো সাহায্য বা ওয়েবএক্সের মাধ্যমে ট্রায়াল বিভাগের রিমোট শুনানি সম্পর্কে প্রশ্নের জন্য, অনুগ্রহ করে মিটিংয়ের আয়োজকের সাতে যোগাযোগ করুন, OATH এর প্রশাসনিক সহকারী কর্মীকে ALJAdminassist@oath.nyc.gov এ ইমেইল করুন, বা (347) 909-1118 এ ফোন করুন।